

ঈশ্বর তাঁর লোকদের দাসত্ব থেকে মুক্ত করে ছিলেন

এই অংশটি অধ্যয়নের আগে অবশ্যই P2a1 অধ্যায় পাঠ করুন, আদিপুস্তকের পিতৃকুলপতি সম্বন্ধে পাঠ করুন।

যারা ছোটদের পড়ান তাদের P2b1 এবং P2b2 অংশের অধ্যায়গুলি পড়া উচিত।

১. যাত্রাপুস্তক সম্বন্ধে শিক্ষাদেবার পূর্বে প্রার্থনা ও ঈশ্বরের বাক্য সহকারে প্রস্তুতি নিন।

প্রার্থনা : “প্রিয় বাবা, আমাদেরকে সাহস, উৎসাহ ও বাধ্যতা দান কর যা মোশির ছিল, যখন তুমি তাকে মিশরের রাজা ফারাও তাঁর সৈন্যবাহিনীর হাত থেকে তোমার লোকদেরকে মুক্ত করতে ব্যবহার করেছিলে যীশু নামে সমস্ত জাতীকে তোমার রাজ্যে আনায়ন এবং জীবনের পরিবর্তন ও সুস্থতার জন্যে কাজ করার ব্যাপারে তোমার উপর আস্থা স্থাপন করি।”

যাত্রাপুস্তক ১ অধ্যায় খুঁজুন, কেন একজন দুষ্ট রাজা সমস্ত পুরুষ শিশুদের হত্যা করার চেষ্টা করেছিল? যীশুর জন্মের পর কি একই ঘটনা ঘটেছিল (মথি ২:১৩-১৬)?

যাত্রাপুস্তক ২:১-১০ অংশে খুঁজুন, কে ছোট মোশীকে রক্ষা করেছিলেন?

যাত্রাপুস্তক ২:১১-১৫ অংশে খুঁজুন, কি কারণে মোশী মিদিয়নে পলায়ন করেছিলেন এবং সেখানে তার প্রতি কি ঘটেছিল?

যাত্রাপুস্তক ৩ অধ্যায়ে একটি জলস্ত বোপের মধ্যে থেকে ঈশ্বর মোশীকে কি করতে বলেছিলেন?



যাত্রাপুস্তক ৫ অধ্যায়ে খুঁজুন, মোশী ও রাজা ফারাও এবং মোশী ও তাঁর নিজের লোকদের মধ্যে সংঘাত সমূহ।



যাত্রাপুস্তক ৬-১১ অধ্যায়ে দশটি আঘাতের অন্বেষণ করুন যেগুলো তাঁর লোকদের মুক্তি দিতে মিশরের রাজাকে বাধ্য করাবার জন্যে ঈশ্বর পাঠিয়েছিলেন এবং শেষ আঘাতটি কত মারাত্মক আঘাত ছিল।

যাত্রাপুস্তক ১২ অধ্যায়ে অন্বেষণ করুন, ঈশ্বর কোন ভোজের প্রতিষ্ঠা করেছিলেন এবং কেন ঈশ্বরের লোকেরা তাদের কড়িকাঠের উপর রক্ত লেপন করেছিল।

মথি ১৬ঃ১৭-২৮ অংশে অন্বেষণ করুন, যীশু, প্রভুর ভোজ প্রতিষ্ঠার প্রাক্কালে, কোন উৎসব পালন করছিলেন।

যাত্রাপুস্তক ১৪ অধ্যায় অন্বেষণ করুন, কেমন করে ঈশ্বরের লোকেরা মিশরীয় সৈন্যদের হাত থেকে রক্ষা পেয়েছিলেন।

ইস্রায়েলীয়দের মৃত্যুর হাত থেকে নিস্তার করার জন্যে লোহিত সাগরের মধ্য দিয়ে রাস্তা তৈরী করা হল পুরাতন নিয়মে ঈশ্বরের দ্বারা সাধিত সবথেকে মহৎ অলৌকিক কার্য। এই মহৎ ঘটনার মূল ভিত্তি ছিল ইস্রায়েলীদের সাথে ঈশ্বরের কৃত পুরাতন চুক্তি, যা যীশুর জন্মের প্রায় ১৫০০ বছর পূর্বে ঘটেছিল।



ঈশ্বরের লোকের মিশরের নীল নদীর ব-দ্বীপ ছেড়ে, লোহিত সাগর অতিক্রম করে সিনয় পর্বত পর্যন্ত হেঁটেছিল। যেখানে ঈশ্বর মোশিকে, তাদের প্রাচীন বিধান প্রদান করেছিলেন। কিছু প্রাচীন মত অনুযায়ী সিনয় পর্বত ছিল ১নং স্থানে। কিন্তু প্রত্নতত্ত্ববিদরা ২নং স্থানে ভাঙ্গা মাটির জিনিসপত্র ও অলঙ্কারাদি খুঁজে পেয়েছিলেন, যা অসংখ্য লোকদের প্রাচীন শিবির স্থাপনে বিষয়টিকে নির্দেশ করে।

নিম্নলিখিত মানচিত্রে মিশর থেকে ইস্রায়েলীয়দের যাত্রাপথ দেখুন



যাত্রাপুস্তক ১৬ অধ্যায় অন্বেষণ করুন কেন লোকেরা অভিযোগ করেছিল এবং খাবার জন্যে ঈশ্বর কোন দুটি জিনিস দিয়েছিলেন।

যাত্রাপুস্তক ১৭ঃ১-১৩ অংশে অন্বেষণ করুন

- পুনরায় কেন লোকবৃন্দ অভিযোগ করেছিলেন এবং ঈশ্বর তাদের জন্য কি যুগিয়েছিলেন?
- মোশির বাহকে কেন হারণ ও হুরকে তুলে ধরতে হয়েছিল।
যাত্রাপুস্তক ১৮ অধ্যায় অন্বেষণ করুন, কেন মোশী লোকদেরকে সংঘবদ্ধ করেছিলেন।

২. সপ্তাহব্যাপী কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন

- যিথোর দ্বারা দক্ষ মেসপালকদের তালিকা তৈরী করতে বলার পরামর্শকে কাজে লাগিয়ে মণ্ডলী ও কুটীর সহভাগীতার কাজ শুরু করুন।
- তাদের মেসগণকে যাত্রাপুস্তক থেকে এই পাঠ্যাংশটি শিক্ষা দিতে বলুন শিক্ষানবীশী মেস পালকদের।
- যাদের প্রয়োজন আছে বা যারা অসুস্থ তাদের পরিদর্শনের জন্য এই সমস্ত নেতাদের বলুন, যাতে তারা তাদের জন্য প্রার্থনা করতে পারেন ও পরামর্শ দান করেন।

৩. পরবর্তী আরাধনার সময়ের বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।

এমন কার্যপদ্ধতি গ্রহণ করুন যা লোকদের প্রয়োজনের সাথে মানানসই হয়।

১ ভাগে যে সমস্ত বিষয়ে আপনি অধ্যয়ন করেছিলেন তার মধ্যে কিছু বিষয়ে স্মরণ অথবা অভিনয় করে দেখান।


যিহুদীরা তাদের দরজার উপর কেন রক্ত লেপন করেছিল সে বিষয়ে ব্যাখ্যা করুন। কিভাবে নিস্তার পর্বের ভোজ প্রভুর ভোজের সাথে যুক্ত তা ব্যাখ্যা করুন।

দুষ্ট রাজা ফারাও যে বাইবেল বর্ণিত শয়তানেরই প্রতীক তা ব্যাখ্যা করুন

- শয়তানের মতই ফারাও এর প্রভুত ক্ষমতা ছিল ও সে লোকদেরকে দাসত্বের মধ্যে রেখেছিল।
- ঈশ্বর যেমন ইস্রায়েলীয়দেরকে ফারাও ও তার সেনাদের হাত থেকে রক্ষা করেছিলেন। যীশুও তেমনি লোকদেরকে শয়তান ও তার মন্দ আত্মার বাহিনীর হাত থেকে মুক্ত করেন।
- যাদের পাপ এবং আত্মা সমূহের হাত থেকে মুক্ত হওয়ার জন্য যীশুর প্রয়োজন, সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করুন।
- শিশুরা যা কিছু প্রস্তুত করেছে, সেই বিষয়গুলো তাদের উপস্থাপন করতে দিন।
- প্রভুর ভোজ সম্পাদনের জন্য যাত্রা ১২ঃ৩ পদ পাঠ করুন এবং ব্যাখ্যা করুন
- নিস্তার পর্ব পালনের জন্য ইস্রায়েলীয়গণ মেস আহার করেছিল।
- মৃত্যুদূত মিসর দেশের মধ্যে দিয়ে গমন করেছিল এবং প্রতিটি ঘরের প্রথমজাতসন্তানদের হাত করেছিল, কিন্তু যে সকল ঘরের দরজায় মেসের রক্ত লাগান ছিল, তাদের সন্তানেরা প্রাণে বেঁচে ছিল।



- যীশু ঈশ্বরের মেঘ শাবক, যিনি জগতের পাপ দূর করেন।
- যেহেতু যীশু এসেছিলেন এবং মৃত্যুবরণ করেছিলেন, সেহেতু প্রভুর ভোজ হল আমাদের নিস্তার পর্বীয় ভোজ।



প্রভুর ভোজের বিষয়টি কিভাবে আমাদের যীশুর বলিদানস্বরূপ মৃত্যুর বিষয়টিকে স্মরণ করতে সাহায্য করে, সেই বিষয়ে বিশ্বাসীদের সাক্ষ্য দিতে বলুন।

কিভাবে শয়তানের হাত থেকে লোকদের মুক্ত করা যায় সেই বিষয়ে পরস্পরের জন্য প্রার্থনা করার বিষয়ে এবং আলোচনা করার জন্য দু-তিন জনের কয়েকটি ক্ষুদ্র দল গঠন করুন।

পুরুষদের যাত্রা ১৫ঃ১৮-১৯ পদগুলো এবং মহিলাদের ২০-২১ পদ দুটো মুখস্থ করতে দিন।